দৈনিক
জনকণ্ঠ

তাং ..... 3 1 MAR 2016 ...
পৃষ্ঠা ...২৪... ...৬.......

# শিক্ষার্থী হত্যা ॥ আট ছাত্রলীগ নেতা কারাগারে

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** হত্যা মামলায় ছাত্রলীগ নেতা হোসাইন আহমদ সাগরসহ ৮ নেতাকর্মীকে জেলহাজতে প্রেরণ করেছে আদালত। বুধবার সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থী ও ছাত্রলীগ কর্মী কাজী হাবীবুর রহমান হত্যা মামলায় মহানগর ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হয়ে জামিন প্রার্থনা করেন ৮ আসামি। শুনানি শেষে বিচারক সাইফুজ্জামান হিরো তাদের জামিন নামঞ্জুর করে জেলহাজতে প্রেরণের নির্দেশ দেন। মামলার আসামিরা হলেন- হোসাইন আহমদ সাগর, আবদুল আউয়াল আহমদ, সাইফুর রহমান, নয়ন রায়, আশিক উদ্দিন, আলাউর খান, শোয়াইব আহমদ, ময়নুল ইসলাম। এদের সবাই ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত। উল্লেখ্য, গত ১৯ জানুয়ারি অভ্যন্তরীণ বিরোধের জের ধরে সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সামনে ছাত্রলীগ নেতা হোসাইন আহমদ সাগরের নেতৃত্বে একই দলের কর্মী কাজী হাবিবুর রহমানের ওপর হামলা চালায়।